আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৭৬ প্রকাশকাল: ২৬ ই জুলাই ,২০২০ ইংরেজি

দারুল হরবে কুরবানি, যাকাত, হজ ও জুমআ আদায়ের বিধান কী?

প্রশ্নঃ

১. দারুল হরবে কুরবানি, যাকাত, হজ ও জুমআ আদায়ের বিধান কী?

২. কুরবানির টাকা কি কাশ্মীরে বা সিরিয়ায় পাঠানো যাবে?

প্রশ্নকারী- মুসা

উত্তর:

১. দারুল হারবেও কুরবানি, যাকাত, হজ ও জুমআ আদায় করা ফরজ। কুরআন-সুন্নাহর যে সকল নুসুসে-বর্ণনায় এ বিষয়গুলো পালন করার নির্দেশ দেয়া হয়েছে সেখানে ব্যাপকভাবেই নির্দেশ দেয়া হয়েছে। কুরআন-সুন্নাহয় এমন কিছু নেই, যা এ বিধানগুলো শুধু দারুল ইসলামে ফরজ হওয়ার প্রমাণ বহন করে। এজন্যই আমাদের জানামতে কোনো আলেম কুরবানি, হজ ও যাকাত আবশ্যক হওয়ার জন্য দারুল ইসলামের শর্ত করেননি। বরং যাকাতের বিধান তো মক্কায় থাকাবস্থায়ই নাযিল হয়েছে এবং মক্কায় অবতীর্ণ একাধিক সূরাতে যাকাতের আদেশ এসেছে, অথচ মক্কা তখন দারুল হারব ছিল। –দেখুন, মাআরিফুস সুনান, ৫/১৫৯-১৬০

শুধু জুমার ক্ষেত্রে হানাফী মাযহাব অনুযায়ী মুসলিম রাষ্ট্রপ্রধান বা তার প্রতিনিধির উপস্থিতি বা অনুমতি শর্ত। তবে এ শর্ত তখনই প্রযোজ্য, যখন

মুসলিমদের সুলতান (রাষ্ট্রপ্রধান) থাকেন এবং তিনি জুমআর ব্যবস্থাপনা করেন। পক্ষান্তরে অবস্থা যদি এমন হয় যে, সুলতান থাকা সত্ত্বেও তিনি জুমআ কায়েম করার দায়িত্ব পালন না করেন কিংবা কোনো গোলযোগ বা অসুবিধার কারণে তাঁর অনুমতি গ্রহণ সম্ভব না হয় অথবা মুসলমানদের কোনো সুলতান-ই না থাকে, তাহলে এসব পরিস্থিতিতে ইমামের উপস্থিতি বা অনুমতির ওপর জুমআ মওকুফ থাকবে না। বরং এমন পরিস্থিতিতে মুসলমানদের ওপর আবশ্যক হল, নিজেরাই জুমআর ইমাম ঠিক করে নিবে এবং তাঁর ইমামতিতে জুমআ আদায় করবে। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য আপনি https://fatwaa.org/২০২০/০৬/২৪/১১৬৬/ -এ লিংক হতে আমাদের সাইটে প্রকাশিত ৩৪ নং ফতোয়াটি দেখে নিন।

২. নেসাব পরিমাণ সম্পদের মালিকের ওপর কুরবানি ওয়াজিব। কুরবানি না করে টাকা দিয়ে দিলে কুরবানি আদায় হবে না। তবে কারো কাছে যদি কোন নিরাপদ ও নির্ভরযোগ্য ব্যবস্থা থাকে, যার মাধ্যমে কাশ্মীর-সিরিয়া বা অন্য কোন জিহাদের ভূমিতে কুরবানির টাকা পাঠিয়ে সেখানে কুরবানি করা যায়, তাহলে তা করতে পারেন। মুজাহিদগণ তার পক্ষ থেকে কুরবানি করে ওই অঞ্চলের মাজলূম মুসলিম ও মুজাহিদদের মাঝে কুরবানির গোশত বন্টন করে দেবেন। এতে তিনি কুরবানির পাশাপাশি মজলুম মুসলিমদের সহায়তা এবং জিহাদে নুসরত করার সওয়াবও পাবেন ইনশাআল্লাহ। -সহীহ বুখারী, হাদীস নং ১৪৬৬, সহীহ মুসলিম, হাদীস নং ১০০০, মাআরিফুস সুনান: ৫/১৫৯-১৬০

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

৩০-১১-১৪৪১ হি.

২২-০৭-২০২০ ইং